



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

(এনটিআরসিএ)

www.ntrca.gov.bd

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, রেড ক্রিসেন্ট বোরাক

টাওয়ার, রমনা, ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০৯.০০১.২০.৮

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের e-Requisition সংশোধন/পরিশোধন/পরিমার্জন সম্পর্কিত জরুরি নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ৫ মার্চ ২০২০ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিকুইজিশন প্রদানের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সুপারিশকরণের পূর্বশর্ত নির্ভুল ই-রিকুইজিশন। সে লক্ষ্যে ইতোমধ্যে প্রেরিত ই-রিকুইজিশন প্রয়োজন সাপেক্ষে সংশোধন/পরিশোধন/পরিমার্জনের সর্বশেষ সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যদি কোন প্রতিষ্ঠানের প্রেরিত ই-রিকুইজিশন এর সংশোধন/পরিশোধন/পরিমার্জনের প্রয়োজন হয় তবে আবশ্যিকভাবে আগামী ৩১ আগস্ট ২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের মাধ্যমে নিজ নিজ এলাকার অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের চাহিদাপত্র যাচাই বাছাই করে প্রয়োজন অনুসারে প্রতিষ্ঠানের চাহিদা সংশোধন/পরিশোধন/পরিমার্জন প্রয়োজন অত্যাৱশ্যক বিবেচিত হলে সে সমস্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানকে দিয়ে সূত্রস্থ পত্রে উল্লিখিত সময়ের মধ্যে চাহিদাপত্র সংশোধন করিয়ে নিবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান স্ব স্ব User Id & Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd>-তে Login করে Edit option-এ গিয়ে চাহিদাপত্র সংশোধন/পরিশোধন/ পরিমার্জন করতে পারবেন।

০২। প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সংশোধিত চাহিদাপত্রের কপি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ স্ব স্ব Panel-এ দেখতে পাবেন। চাহিদাপত্র যাচাইয়ের পর জেলা শিক্ষা অফিসারগণ নিজ নিজ Panel Page এর শেষে প্রদর্শিত Save & Submit button এ Click করলে সংশোধিত চাহিদাপত্রগুলো চূড়ান্তভাবে Submit হয়ে যাবে। এ প্রক্রিয়াটি যথাযথভাবে অনুসরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল e-Requisition ইতোমধ্যে প্রেরিত হয়েছে (৫ মার্চ ২০২০ পর্যন্ত) কেবলমাত্র সে সকল e-Requisition সংশোধন/পরিশোধন/পরিমার্জন এর ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে। নতুন করে কোন পদ অন্তর্ভুক্ত করা যাবে না।

০৩। আরো উল্লেখ্য যে, বর্ণিত সময়সীমা অতিক্রান্ত হবার পর ই-রিকুইজিশন সংশোধন/পরিশোধন/পরিমার্জনের আর কোন আবেদন এ কার্যালয়ে গ্রহণযোগ্য হবে না। এরপরও যদি কোন প্রতিষ্ঠান প্রধান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮, মহিলা কোটার পরিপত্র এবং নবসৃষ্ট পদে নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে e-Requisition প্রদান করেন তবে তাঁর বিরুদ্ধে জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮-এর ১৮.১(ঘ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হবে। একই সাথে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের উপর অর্পিত দায়িত্ব পালনে অবহেলার বিষয়টি জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হবে।

০৪। জনস্বার্থে বিষয়টি অতিব জরুরি হিসেবে বিবেচ্য।

জরুরি যোগাযোগ: ০২-৪১০৩০১৩১, ০২-৪১০৩০৩৯৩, ০২-৪১০৩০১২৯ (অফিস চলাকালীন সকাল ৯.০০ মিঃ থেকে বিকেল ৫.০০ মিঃ) e-mail: ntrca2005@yahoo.com

A 3

১৯-৮-২০২০

ড. কাজী আসাদুজ্জামান
সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

বিতরণ :


- ১) সদস্য (সকল), এনটিআরসিএ, ঢাকা
- ২) জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৩) মহাব্যবস্থাপক (মার্কেটিং ও ভাস), মার্কেটিং ও ভাস এর
দপ্তর, টেলিটক বাংলাদেশ লিমিটেড

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০৯.০০১.২০.৮/১

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭
১৯ আগস্ট ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)



১৯-৮-২০২০

মোঃ শাহীন আলম চৌধুরী
উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)